যুগান্তর

তারিখ ... 26 SEP 2012
পৃষ্ঠা ... ২৯ ... ৭

# শিক্ষার কমনওয়েলথ স্কলার'স ফোরাম গঠিত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইন্সটিটিউটের অধ্যাপক ড. মোঃ হেদায়েত হোসেনকে সভাপতি করে শিক্ষায় কমনওয়েলথ স্কলারস ফোরাম গঠন করা হয়েছে। মঙ্গলবার শিক্ষা ও গবেষণা ইন্সটিটিউটে অনুষ্ঠিত এক সভায় ৪ সদস্যবিশিষ্ট এই কমিটি গঠন করা হয়। কমিটির সদস্যরা হলেন— মাহবুব মোর্শেদ, ফারহান আজিম ও মোঃ খাইরুল ইসলাম। সভায় ফোরামের নব নির্বাচিত সভাপতি অধ্যাপক হেদায়েত হোসেন বলেন, নবগঠিত কমনওয়েলথ স্কলারস ফোরাম শিক্ষার মানোন্নয়ন, ফোরামের সদস্য সংগ্রহ এবং শিক্ষা ও গবেষণামূলক বিভিন্ন কর্মসূচি গ্রহণ করবে। এছাড়া নবীন শিক্ষার্থীরা যাতে উচ্চ শিক্ষা গ্রহণসহ উন্নত বিশ্বে পড়াশোনায় আগ্রহী হয় সে ব্যাপারেও কাজ করবে।